# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৪২/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ১০ জুন ২০১৮, ২৭ জ্যৈষ্ঠ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জি-৭ আউটরিচ সম্মেলনে রোহিঙ্গা সংকট সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪ প্রস্তাব

২। কানাডায় জি-৭ সম্মেলনের অতিথিদের সম্মানে আয়োজিত নৈশভোজে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

৩। বাজেটে সকল শ্রেণির মানুষের উপকার হবে : ভোলায় বাণিজ্যমন্ত্রী

৪। প্রস্তাবিত বাজেটে জনগণের আশার প্রতিফলন হয়েছে : মিরসরাইয়ে গণপূর্তমন্ত্রী

৫। ২০২০ সালের মধ্যে উন্নয়নে ভারতকে ছাড়াবে বাংলাদেশ : কুমিল্লায় পরিকল্পনামন্ত্রী

৬। ঈদযাত্রায় যানজটে পড়বে না ঘরমুখো মানুষ : ঈদ প্রস্তুতিসভায় সেতুমন্ত্রী

৭। কুড়িগ্রামে সোনাহাট স্থলবন্দর উদ্বোধন করলেন নৌমন্ত্রী

৮। নারী এশিয়া কাপের ফাইনালে বাংলাদেশ : বাংলাদেশ-ভারত ফাইনাল ম্যাচ আজ

৯। বিনামূল্যে কানে শোনার যন্ত্র পেল ১২১ শ্রবণ প্রতিবন্ধী শিশু

১০। সমুদ্রবন্দরসমূহের জন্য ৩ নম্বর সতর্ক সংকেত : বঙ্গোপসাগরে লঘুচাপ

চলমান পাতা-২

**১। জি-৭ আউটরিচ সম্মেলনে রোহিঙ্গা সংকট সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪ প্রস্তাব**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনে বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয় চুক্তি বাস্তবায়নে মিয়ানমারের প্রতি চাপ প্রয়োগে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (৯ জুন শনিবার) জি-সেভেন শীর্ষ সম্মেলনের আউটরিচ অধিবেশনে বক্তব্য দেওয়ার সময় নেতাদের প্রতি এ আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রী রোহিঙ্গা সংকট সমাধানে চার দফা সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার প্রস্তাব তুলে ধরেন। গতকাল (৯ জুন শনিবার) কানাডার কুইবেকের লা মানোয়া রিশেলো হোটেলে জি-সেভেন আউটরিচ সম্মেলন অনুষ্ঠিত হয়। স্থানীয় সময় বেলা **১২**টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলনস্থলে পৌঁছালে তাঁকে স্বাগত জানান কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। এ সময় দুই নেতা কুশল বিনিময় করেন এবং আনুষ্ঠানিক ফটোসেশনে অংশ নেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**২। কানাডায় জি-৭ সম্মেলনের অতিথিদের সম্মানে আয়োজিত নৈশভোজে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডার স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় জি-৭ শীর্ষ সম্মেলন ও আউটরিচ অধিবেশনে যোগ দিতে আসা রাষ্ট্র ও সরকার প্রধানদের সম্মানে কানাডার গভর্নর জেনারেলের দেওয়া এক নৈশভোজে অংশগ্রহণ করেন। গভর্নর জেনারেল জুলি পায়েট নগরীর লা সিটাডেলে এ নৈশভোজের আয়োজন করেন।এ সময় প্রধানমন্ত্রী নৈশভোজে যোগ দেওয়া অন্য অতিথিবৃন্দের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**৩। বাজেটে সকল শ্রেণির মানুষের উপকার হবে : ভোলায় বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, এবারের বাজেটে গরিব থেকে শুরু করে সকল শ্রেণির মানুষের উপকার হবে। আমাদের বিনিয়োগ বাড়বে, রফতানি বাড়বে, দেশের যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়ন হবে। স্বাস্থ্য ও বিদ্যুৎখাতের উন্নয়ন হবে। আগামী ডিসেম্বরের মধ্যে ২০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে। গতকাল (৯ জুন শনিবার) ভোলা সদর উপজেলার চরসামইয়া ইউনিয়নে ঈদুল ফিতর উপলক্ষে দুস্থ ও অসহায়দের মাঝে উপহার বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ**(পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫,) **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮)।

**৪। প্রস্তাবিত বাজেটে জনগণের আশার প্রতিফলন হয়েছে : মিরসরাইয়ে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, আগামী অর্থবছরের প্রস্তাবিত বাজেট বাস্তবায়ন হলে জনগণ উপকৃত হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়বে না। উপকারভোগীদের ভাতা বাড়বে। প্রস্তাবিত বাজেটে জনগণের আশার প্রতিফলন হয়েছে। গত ৮ জুন শুক্রবার চট্টগ্রামের মিরসরাইয়ের শান্তিরহাট বাজারে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫)।

**৫। ২০২০ সালের মধ্যে উন্নয়নে ভারতকে ছাড়াবে বাংলাদেশ : কুমিল্লায় পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০২০ সালের মধ্যে উন্নয়নের সব সূচকে বাংলাদেশ ভারতকে ছাড়িয়ে যাবে। গতকাল (৯ জুন শনিবার) কুমিল্লার সদর দক্ষিণ উপজেলার দত্তপুরে শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে তিনি এ কথা বলেন। প্রায় **১১** একর জমির ওপর শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টার নির্মিত হলে দুই হাজার ৫০০ তরুণ-তরুণী আইটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। জেলা পর্যায়ের আইটি বা হাইটেক পার্ক স্থাপনের আওতায় এটি স্থাপিত হচ্ছে। দেশের মোট **১২**টি জেলায় এ পার্ক স্থাপন করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

৬। **ঈদযাত্রায় যানজটে পড়বে না ঘরমুখো মানুষ : ঈদ প্রস্তুতি সভায় সেতুমন্ত্রী**

পবিত্র ঈদুল ফিতরে ঘরমুখো মানুষ সড়কে কোনো দুর্ভোগের শিকার হবে না বলে আশ্বাস দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, সড়কে যানজট সৃষ্টি হবে না। আমি আশ্বস্ত করে বলছি, সংকট হলে নিজেই গিয়ে দাঁড়াব। গতকাল (৯ জুন শনিবার) এলেনবাড়ীতে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের কার্যালয়ে ঈদ প্রস্তুতি সভাশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১,) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৭। **কুড়িগ্রামে সোনাহাট স্থলবন্দর উদ্বোধন করলেন নৌমন্ত্রী**

গতকাল (৯ জুন শনিবার) কুড়িগ্রামের ভূরুঙ্গামারী উপজেলায় বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত সোনাহাট স্থলবন্দর উদ্বোধন করেছেন নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান। উদ্বোধনকালে মন্ত্রী বলেন, ইমিগ্রেশন চালু করতে ভারতের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর করতে হবে। সোনাহাট স্থলবন্দরের সঙ্গে ভারতের এলসি স্টেশন গোলকগঞ্জ, ধুবরী, আসাম থেকে ১০টি পণ্য আমদানি ও রপ্তানি করার চুক্তি হয়। ইতোমধ্যে এ স্থলবন্দর থেকে সরকার বছরে ১২ কোটি টাকা রাজস্ব আদায় করছে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

৮। **নারী এশিয়া কাপের ফাইনালে বাংলাদেশ : বাংলাদেশ-ভারত ফাইনাল ম্যাচ আজ**

নারী এশিয়া কাপে ইতিহাস গড়েছে বাংলাদেশ নারী ক্রিকেট দল। প্রথমবারের মতো এশিয়া কাপের ফাইনালে খেলা নিশ্চিত করেছে তারা। গতকাল (৯ জুন শনিবার) মালয়েশিয়াকে ৭০ রানে হারিয়ে শিরোপা নির্ধারণী ম্যাচে খেলার যোগ্যতা অর্জন করেছে দলটি। একইদিন পাকিস্তানকে ৭ উইকেটে হারিয়ে ফাইনালে উঠেছে ভারত। আজই বাংলাদেশ ও ভারতের মধ্যকার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। মালয়েশিয়ার কুয়ালালামপুরের কিনরারা একাডেমি ওভাল মাঠে শিরোপা নির্ধারণী ম্যাচটি আজ অনুষ্ঠিত হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১৪,ক.৬,) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৯। **বিনামূল্যে কানে শোনার যন্ত্র পেল ১২১ শ্রবণ প্রতিবন্ধী শিশু**

দশ লাখ টাকা দামের এক একটি কানে শোনার যন্ত্র কক্লিয়ার ইমপ্ল্যান্ট ডিভাইস বিনামূল্যে পেল ১২১ জন শ্রবণ প্রতিবন্ধী শিশু। গতকাল (৯ জুন শনিবার) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডিভাইস বরাদ্দ দেয়া হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় ২০১০ সাল থেকে এ পর্যন্ত ২০৩ জনকে কক্লিয়ার ইমপ্ল্যান্ট বরাদ্দপত্র প্রদান করা হয়েছে। আর এখন নতুন করে দেওয়াতে সব মিলিয়ে মোট ৩২৪ শ্রবণ প্রতিবন্ধী শিশুকে বরাদ্দপত্র প্রদান করা হলো। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

১০। **সমুদ্রবন্দরসমূহের জন্য ৩ নম্বর সতর্ক সংকেত : বঙ্গোপসাগরে লঘুচাপ**

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রামসহ অন্যান্য সমুদ্রবন্দরকে ৩ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উপকূলীয় এলাকা ও সমুদ্রবন্দরসমূহের ওপর দিয়ে দমকাসহ ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। এদিকে গতকাল (৯ জুন শনিবার) সকাল থেকে চট্টগ্রামে থেমে থেমে মাঝারি ধরনের বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫,) **নিউ নেশন** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** রাজধানীর কামরাঙ্গীর চর এলাকায় মশার উপদ্রব বেড়ে যাওয়ার কথা উল্লেখ করে মশক নিধন কর্মসূচি জোরদার করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **জনকণ্ঠ :** ঢাকাসহ সারাদেশে দেশি পোশাকের তুলনায় বিদেশি পোশাকে সয়লাব হওয়ার কথা উল্লেখ করে দেশি পোশাক ব্যবহারে জনসচেতনতা বাড়ানোর আহ্বান।

গ. **ভোরের কাগজ, যায়যায়দিন :** ঈদকে সামনে রেখে বাজারে জাল টাকা ছড়ানোর খবর পাওয়া যাচ্ছে উল্লেখ করে জালনোটের দৌরাত্ম্য রোধে সব ধরনের সতর্কতা অবলম্বনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** আশ্রয় শিবির ছেড়ে রোহিঙ্গারা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চোখ ফাঁকি দিয়ে কাজের সন্ধানে শিবিরের বাইরে যাচ্ছে উল্লেখ করে রোহিঙ্গারা যাতে আশ্রয় শিবির ছেড়ে বাইরে ছড়িয়ে পড়তে না পারে সেদিকে কড়া নজরদারির পাশাপাশি চট্টগ্রামের বিভিন্ন স্থানে চেকপোস্ট বসানো জরুরি বলে মতপ্রকাশ।

ঙ. **ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট :** দখল-দূষণে বুড়িগঙ্গা নদী দিন দিন মৃত্যুর দিকে ধাবিত হওয়ার কথা উল্লেখ করে বুড়িগঙ্গাকে বাঁচাতে সবাইকে সোচ্চার হওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী বিভাগের ৮ জেলায় প্রাথমিক শিক্ষা অধিদফতর কর্তৃক ৫৪০.২০ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগের বিষয় তুলে ধরে সাধারণ শিক্ষাসহ কারিগরি শিক্ষায়ও ব্যাপক বিনিয়োগের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** জাল নোট তৈরি ও বিপণনের সাথে জড়িত গ্যাংয়ের ১০ সদস্য গ্রেপ্তারসহ ১০ মিলিয়ন নকল টাকা উদ্ধারের খবরে উদ্বেগ প্রকাশ করে নকল টাকা প্রতিহতে কঠোর অভিযান চালানোর সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** কমলাপুর রেলওয়ে স্টেশন-মুগদাপাড়া ফুটওভার ব্রিজের ভগ্নদশার চিত্র তুলে ধরে শহরের অধিকাংশ ফুটওভার ব্রিজ ব্যবহার অনুপযোগী, নোংরা, হকার ও ভিক্ষুকের দখলে থাকাসহ নানাবিধ অসুবিধা দূর করে ব্রিজগুলো নিরাপদ ও ব্যবহার উপযোগী করার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** নিত্যব্যবহার্য অধিকাংশ পণ্যের মোড়ক প্লাস্টিকের হওয়ায় বাতাসে মাইক্রোপ্লাস্টিক বেড়ে যাওয়ায় তা বন্ধে সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাদক বিরোধী অভিযানের পাশাপাশি এর বিরুদ্ধে সামাজিক সচেতনতাও গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ফল খান : রোগ বালাই থেকে দূরে থাকুন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নিয়ম করে প্রতিদিন দু'একটি মৌসুমি ফল খাওয়া স্বাস্থ্যের জন্য উপকারী।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা